



ইলিয়াস কাঞ্চনের অসুস্থতায় আবেগভরা বার্তা অভিনেত্রী শাবনূরের



সংগৃহীত ছবি

বর্ষীয়ান অভিনেতা ও ‘নিরাপদ সড়ক চাই’ আন্দোলনের প্রতিষ্ঠাতা ইলিয়াস কাঞ্চনের অসুস্থতায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন অভিনেত্রী শাবনূর। ব্রেন টিউমারে আক্রান্ত এই অভিনেতার দ্রুত আরোগ্য কামনা করেছেন তিনি।

বাংলা চলচ্চিত্রের জনপ্রিয় অভিনেতা ও সমাজসেবী ইলিয়াস কাঞ্চন বর্তমানে লন্ডনের একটি হাসপাতালে ব্রেন টিউমারের চিকিৎসা নিচ্ছেন। চলতি বছরের শুরু থেকেই তিনি নানা শারীরিক জটিলতায় ভুগছিলেন। সম্প্রতি তাকে দেখতে হাসপাতালে গিয়েছেন অভিনেত্রী রোজিনা।

এই খবরে মর্মান্বিত হয়ে নব্বইয়ের দশকের জনপ্রিয় অভিনেত্রী শাবনূর সামাজিক যোগাযোগমাধ্যমে এক আবেগঘন বার্তা দিয়েছেন। নিজের ফেসবুক পেজে তিনি লেখেন, “বর্ষীয়ান অভিনেতা ও শ্রদ্ধাজান ইলিয়াস কাঞ্চন ভাই গুরুতর ব্রেন টিউমারে আক্রান্ত হয়ে লন্ডনে চিকিৎসাধীন রয়েছেন। মানুষের কল্যাণে নিবেদিত এই মহৎ মানুষটির অসুস্থতার খবর শুনে মনটা অত্যন্ত ভারাক্রান্ত।”

তিনি আরও লেখেন, “চলচ্চিত্রের পাশাপাশি তিনি সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডেও সক্রিয় ছিলেন। বিশেষ করে দীর্ঘদিন ধরে ‘নিরাপদ সড়ক চাই’ আন্দোলনের নেতৃত্ব দিয়ে আসছেন।”

বার্তার শেষে শাবনূর লিখেছেন, “আমাদের ভালোবাসা ও প্রার্থনায় ইনশাআল্লাহ কাঞ্চন ভাই দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসবেন।”